

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ, ১৭ বৈশাখ, ১৪২০ বঙ্গাব্দ/৩০ এপ্রিল, ২০১৩ খ্রিস্টাব্দ।

এস.আর.ও নং ১১৯-আইন/২০১৩।—Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, উক্ত Ordinance এর অধীন প্রদেয় কর হইতে কোন করদাতার আয়ের ঐ পরিমাণকে, নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে, অব্যাহতি প্রদান করিল যে পরিমাণ আয় উক্ত করদাতা সাভারস্থ ‘রানা প্লাজা’ নামীয় ভবন ধ্বনে সৃষ্টি দুর্ঘোগ মোকাবেলার উদ্দেশ্যে ‘এনাম মেডিকেল কলেজ ও হাসপাতাল কর্তৃপক্ষের অনুকূলে’ বা ‘সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে গঠিত অন্য কোন তহবিলে’ ইতোমধ্যে দান বা অনুদান করিয়াছেন বা করিবেন, যথা:-

শর্তাবলী

- (ক) ‘এনাম মেডিকেল কলেজ ও হাসপাতাল কর্তৃপক্ষ’ বা ‘সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে গঠিত অন্য কোন তহবিল’ প্রচলিত বিধি-বিধান অনুসারে সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের যথাযথ ব্যবস্থাপনায় পরিচালিত হইতে হইবে;
- (খ) প্রাপ্ত দান বা অনুদানের খাতওয়ারী হিসাব সংরক্ষণ করিতে হইবে;
- (গ) প্রাপ্ত দান বা অনুদান ব্যয়ের পর উদ্বৃত্ত অর্থ, যদি থাকে, প্রধানমন্ত্রীর আগ তহবিলে স্থানান্তরিত হইবে; এবং

(ঘ) প্রাপ্ত দান বা অনুদান কেবল সাভারস্থ ‘রানা প্লাজা’ নামীয় ভবন ধর্মে  
সর্বাত্মক সেবা, চিকিৎসা ও আনুষঙ্গিক প্রয়োজনীয় সেবামূলক সকল  
কার্যক্রম পরিচালনায় ব্যয়িত হইবে।

২। দফা ১ এ উল্লিখিত উদ্দেশ্যে ২৪ এপ্রিল, ২০১৩ খ্রিস্টাব্দ হইতে ৩০ জুন, ২০১৩  
খ্রিস্টাব্দ পর্যন্ত প্রদত্ত দান বা অনুদান এই প্রজ্ঞাপনের অধীনে কর অব্যাহতি সুবিধা পাইবে।

Bangladesh Tax Update

[www.kdroy.com.bd](http://www.kdroy.com.bd)/[www.lt.com.bd](http://www.lt.com.bd)

রাষ্ট্রপতির আদেশক্রমে,  
মোঃ বশির উদ্দিন আহমেদ  
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)